প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর আওতায় ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পে সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন – সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১.	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০২	০২	-	-	০২	০২	২৮.৫৭% ৩৫০%	০২	১৪.৯৬% ১৮.২৭%

১। **সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ** ২টি

২। **সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ**

মন্ত্রণালয়/ বিভাগের নাম	প্রকল্পের নাম	ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি সংস্কার ও আধুনিকায়ন (২য় পর্যায়, ১ম সংশোধনী)	প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী সমাপ্ত করার লক্ষ্যে ভৌত কাজের পরিমাণ বৃদ্ধি পায় সে প্রেক্ষাপটে প্রকল্পটির সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়।
	বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)	ভূমি অধিগ্রহণ সংক্রান্ত জটিলতা ও মামলাজনিত কারণে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পায়।

বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের **প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ৩০ জুন, ২০১৯)

১. প্রকল্পের নাম : বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প।

২. উদ্যোগী মন্ত্রণালয় : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা : জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৪. প্রকল্প এলাকা : মানিকগঞ্জ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, শেরপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, ব্রাহ্মণবাড়িয়া, ফেনী, নীলফামারী, গাইবান্ধা, কুড়িগ্রাম, পঞ্চগড়, জয়পুরহাট, নওগাঁ, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, নড়াইল, মাগুরা, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, বরগুনা, সুনামগঞ্জ, মৌলভীবাজার।

৫. প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় : (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল(ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিসহ)**	**অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)**
মূল (প্রঃ সাঃ)	**সংশোধিত (প্রঃ সাঃ)**		**মূল**	**সংশোধিত**			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬৯৮১৬.৭৬	৮২৫৭১.৭৩	৮২৫৭১.৭৩	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১২	০১/০৭/২০১০ থেকে ৩১/১২/২০১৫	০১/০৭/২০১০ থেকে ৩০/০৬/২০১৯	১২৭৫৪.৯৭ (১৮.২৭%)	৭ বছর (৩৫০%)

৬. প্রকল্পের অর্থায়ন: সম্পূর্ণ জিওবি অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে।

৭. প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি (মন্ত্রণালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র: নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা			প্রকৃত অগ্রগতি	
		সংখ্যা/ পরিমান	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১.	অফিসারদের বেতন	এনওএস	৪৬.০০	০৩	৪৪.১৪	০১
২.	কর্মচারিদের বেতন	এনওএস	৩১.০০	০৪	২৮.০৫	০৪
৩.	ভাতাদি	এনওএস	৮০.৫৬	০৭	৬২.৬৪	০৫
৪.	ভ্রমণ ভাতা	এলএস	৫০.০০	এল.এস	৪২.৪৪	১৩
৫.	বদলি ভাতা	এলএস	৪.০০	এল.এস	০.১৪	১
৬.	আয়কর	এনওএস	০.৮০	০৩	০	-
৭.	সার্ভিস স্ট্যাম্প	এলএস	৬.০০	এল.এস	০.৮০	এল.এস
৮.	টেলিফোন/ইন্টারনেট বিল	এলএস	৬.০০	এল.এস	১.৭৮	১
৯.	ফ্যাক্স	এলএস	৩.০০	এল.এস	০.৩৮	১
১০.	রেজিস্ট্রেশন ফি	এলএস	১২.০০	এল.এস	০	-
১১.	বিদ্যুৎ বিল	এলএস	৬.০০	এল.এস	০.৭০	এল.এস
১২.	গ্যাস ও জ্বালানি	এলএস	৪০.০০	এল.এস	৩৬.৭৫	২
১৩.	পেট্রোল ও লুব্রিকেন্টস	এলএস	৩০.০০	এল.এস	২৭.৪৯	২
১৪.	মুদ্রণ ও প্রকাশনা	এলএস	২৮.০০	এল.এস	২৫.৫৭	এল.এস

ক্র: নং	অঙ্গের নাম	ডিপিপি অনুযায়ী লক্ষমাত্রা			প্রকৃত অগ্রগতি	
		সংখ্যা/ পরিমান	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৫.	স্টেশনারি	এলএস	১০০.০০	এল.এস	৯৫.৮৭	এল.এস
১৬.	বই ও সাময়িকী	এলএস	২.০০	এল.এস	০.৮৩	এল.এস
১৭.	পাঠ্যপুস্তক ও রেফারেন্স বই	এলএস	৬০.০০	এল.এস	৫৯.৬৯	এল.এস
১৮.	প্রকাশনা ওবিজ্ঞাপন	এলএস	২০.০০	এল.এস	৭.৫৩	এল.এস
১৯.	প্রশিক্ষণ	এনওএস	৩২.০০	৬৩	১৯.৮২	১৩
২০.	বিনোদন	এলএস	৯.০০	এল.এস	৭.৯০	এল.এস
২১.	পরিবহন	এলএস	৩.০০	এল.এস	০	এল.এস
২২.	অনিয়মিত শ্রমিক ও আউটসোর্সিং	এনওএস	৭০.০০	০৫	৬৯.৭৬	০৫
২৩.	কেমিক্যালস	এলএস	১.০০	এল.এস	০	এল.এস
২৪.	প্রশিক্ষণ যন্ত্রপাতি	এলএস	৪৩২.০০	এল.এস	৪৩১.৯৯	এল.এস
২৫.	মজুরী	এলএস	১৩.৭৪	এল.এস	১১.৫৬	এল.এস
২৬.	কম্পিউটার যন্ত্রাংশ	এলএস	৬.০০	এল.এস	৪.০৩	এল.এস
২৭.	অন্যান্য	এলএস	৫০.০০	এল.এস	৪৯.৬৩	এল.এস
২৮.	রিপেয়ার, মেইনটেন্যান্স ও পুনঃস্থাপন	এলএস	২৪.৭০	এল.এস	২৪.২১	২
২৯.	পরিবহন/যানবাহন	এনওএস	১১১১.৮৫	২৯	১১১১.৭২	২৯
৩০.	মেশিনারিজ/প্রশিক্ষণ যন্ত্রপাতি	এনওএস	৯৫৯৫.৩৩	৭৩৮২৬	৯৫৯৩.২৯	৭৪৩৭৯
৩১.	অফিস যন্ত্রপাতি	এনওএস	১২৬.৭৮	৩৫৭	১২১.৪০	৩৫৪
৩২.	ফার্নিচার	এনওএস	৩৮২৬.১৫	৩৯৭৫৩	৩৭২৪.৪৪	৩৯৬৮৬
৩৩.	জমি অধিগ্রহণ	একরস	২২৬৯.৬৯	৫৪	২২৬৯.৬৭	৫৪
৩৪.	সাইট উন্নয়ন	আর এম	১০৪৯.৬৭	২৮৯৩৪৭	৮৯৪.৮৭	২৮৯৩৪৭
৩৫.	বাউন্ডারি ওয়াল	ব.মি.	২১০৯.২৮	৮৪২৪	২০০৫.৯২	৮৪২৪
৩৬.	পূর্ত নির্মাণ	ব.মি.	৬০৩১২.৫১	২১৫৫৯২	৫৮৪৬১.২৪	২১৫৫৯২
৩৭.	রেইন ওয়াটার হার্ভেস্টিং	৫০,০০০	১৩০.৯০	২৭	১১৬.৪৩	২৭
৩৮.	সোলার প্যানেল	কি.ও	৫১৬.২২	৫৪	৪৯৮.৯৭	৫৪
৩৯.	কন্টিজেন্সি	টিটিসি	৩৫৬.৫৫	২৭	৩২২.৫১	২৭
	সর্বমোট (রাজস্ব + মূলধন) =		**৮২৫৭১.৭৩**		**৮০১৭৪.১৬**	

৮. **প্রকল্পের কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রকল্প মেয়াদে ৯৯.৫৬% বাস্তব অগ্রগতি সাধিত হয়েছে। প্রকল্পের আওতাভুক্ত ফেনী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের একাডেমিক ভবনের নির্মাণ কাজ সংশ্লিষ্ট ঠিকাদার নির্ধারিত মেয়াদে শেষ করতে পারেনি বিধায় প্রকল্পের ০.৪৪% কাজ অসমাপ্ত থাকে।

৯. সাধারণ পর্যবেক্ষণ:

৯.১ পটভূমি : বিদেশে দক্ষ শ্রমশক্তি প্রেরণের মাধ্যমে বৈদেশিক মুদ্রা অর্জনকে সামনে রেখে এবং বাংলাদেশের শিল্পখাতে দক্ষ জনশক্তির চাহিদা পূরণের লক্ষ্যে সকল জেলা সদরে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন নিশ্চিতকরণে "বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প গৃহীত হয়।

৯.২ সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

- বৈদেশিক শ্রমবাজারের চাহিদা পূরনের লক্ষ্যে বেকার যুব এবং যুব মহিলাদেরকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা করা;
- বৈদেশিক শ্রম বাজারের জন্য প্রয়োজনীয় কর্মদক্ষতা অর্জন করা;
- সর্বনিম্ন সময়ে এবং স্বল্প খরচে অপ্রশিক্ষিত জনগোষ্ঠীকে প্রশিক্ষিত জনশক্তিতে রূপান্তর করা;
- দক্ষ জনশক্তি সরবরাহের মাধ্যমে শিল্প উৎপাদন ক্ষমতার উন্নয়ন;
- দেশব্যাপী কারিগরি প্রশিক্ষণ এবং এর প্রয়োগের ক্ষেত্র সম্প্রসারণ করা।

৯.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- ২৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য ৫৪ একর ভূমি অধিগ্রহণ/ক্রয়;
- ২৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিটিতে ৪ তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ, ৩ তলা বিশিষ্ট অধ্যক্ষ/উপাধ্যক্ষ এর বাসভবন নির্মাণ, প্রশিক্ষণার্থীদের থাকার জন্য ৪তলা বিশিষ্ট ডরমিটরি ভবন নির্মাণ সংশ্লিষ্ট ২১৫৫৯২ বর্গমিটার পূর্ত কাজ;
- সাইট ইমপ্রুভমেন্ট (২৮৯৩৪৭ আরএম);
- ৮৪২৪ বর্গমিটার বাউন্ডারি ওয়াল নির্মাণ;
- রেইন ওয়াটার হার্ভেস্টিং এবং সোলার প্যানেল স্থাপন ইত্যাদি।

৯.৪ প্রকল্পের ডিজাইন এবং বাস্তব অবস্থা সংক্রান্ত পর্যবেক্ষণ:

প্রকল্পটিতে সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিকল্প বৈদ্যুতিক ব্যবস্থা চালু করার বিষয়টির সংস্থান ছিল এবং সে অনুযায়ী পরিদর্শনকৃত ০৩টি টিটিসিতেই সোলার প্যানেল পাওয়া যায়। এ সকল সোলার প্যানেল অনগ্রিড অবস্থায় কাজ করে। অর্থ্যাৎ বিদ্যুৎ চলে গেলে সোলার প্যানেল কাজ করে না। উপস্থিত এলজিইডির নির্বাহী প্রকৌশলীগণ জানান যে, এটি ডিজাইনের দুর্বলতা। টিটিসি'র অধ্যক্ষগণ জানান যে, এর ফলে বিদ্যুৎ চলে যাওয়ার পর বিকল্প উৎস হতে (সোলার প্যানেল) বিদ্যুৎ না পাওয়ায় প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হয়। প্রকল্পের আওতায় ভূমি উন্নয়ন এবং বাউন্ডারি ওয়াল করা হলেও বাউন্ডারি ওয়ালের চারপাশে মাস্টারড্রেন না থাকায় পানি নিষ্কাশনের সমস্যা হচ্ছে বলে পরিদর্শনকালে দেখা যায়। বিশেষ করে নেত্রকোণা অঞ্চল অতিবৃষ্টিপ্রবণ এলাকা হওয়ায় এক্ষেত্রে ড্রেন না থাকায় বৃষ্টির পানির সাথে বাউন্ডারি ওয়ালের ভিতরের মাটিও ক্ষয় হয়ে পানির সাথে চলে যাচ্ছে। ফলে দীর্ঘ মেয়াদে এ সমস্যা আরও জটিল আকার ধারণ করবে বলে প্রতীয়মান হয়। প্রকল্পটির ভৌত অবকাঠামো ২০১৭ সালে হস্তান্তর করা হলেও নবনির্মিত ২৭টি টিটিসি এর জন্য এখনও জনবল অনুমোদন করা হয়নি। ফলে একদিকে প্রশিক্ষণ কার্যক্রম ব্যহত হচ্ছে অন্যদিকে বিশাল ভৌত অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা প্রদান সংক্রান্ত সমস্যা দেখা দিয়েছে বলে অধ্যক্ষগণ জানান। বর্তমানে অন্যান্য প্রতিষ্ঠান হতে সংযুক্তির মাধ্যমে স্বল্প জনবল দিয়ে প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখা হয়েছে।

১০. অনুমোদন পর্যায় :

১০.১ মূলঃ মূল ডিপিপি অনুমোদন- ২৪/০৮/২০১০খ্রিঃ

১০.২ প্রথম সংশোধনঃ প্রথম সংশোধন অনুমোদন (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক)- ২৯/০৬/২০১২খ্রিঃ

১০.৩ দ্বিতীয় সংশোধনঃ দ্বিতীয় সংশোধন অনুমোদন (একনেক কর্তৃক)- ১৯/০১/২০১৪ খ্রিঃ

১০.৪ প্রকল্প সংশোধন এর কারণসমূহঃ

ভূমি অধিগ্রহণ সম্পন্ন না হওয়ায় কক্সবাজার, হবিগঞ্জ ও গাজীপুর জেলা বাদ দিয়ে মূল ডিপিপি সংশোধিত হয় এবং সংশোধিত ডিপিপি অনুযায়ী বর্ণিত প্রকল্পের আওতায় ২৭টি জেলায় ২৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপিত হয়েছে। এছাড়াও বিভিন্ন সময়ে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে প্রকল্পটি ৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত করা হয়।

১০.৫ **প্রকল্পের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন:**

প্রকল্পের আওতায় ২৭টি জেলায় ২৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য জমি ক্রয়/অধিগ্রহণ কার্যক্রম সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয়ের সহায়তায় সম্পন্ন হয়। ২৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ২৭ মাইক্রোবাস, প্রকল্প দপ্তরের জন্য ০১টি জিপ এবং ০১টি মাইক্রোবাস, ২৭টি বাইসাইকেল (টিটিসি'র জন্য), প্রকল্প দপ্তরের জন্য অফিস সরঞ্জামাদি ক্রয় কার্যক্রম প্রকল্প দপ্তর কর্তৃক সম্পন্ন হয়। ২৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ১০টি ট্রেড এর মেশিনারি/ট্রেইনিং সরঞ্জামাদি সরাসরি ক্রয় পদ্ধতির আওতায় বাংলাদেশ মেশিন টুলস ফেক্টরির নিকট হতে প্রকল্প পরিচালক কর্তৃক ক্রয় করা হয়। ভূমি উন্নয়ন ও মাটি পরীক্ষা, ভৌত নির্মাণ, এক্সটারনাল ইলেক্ট্রিফিকেশন কাজ গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পন্ন হয়। প্রকল্প দপ্তর কর্তৃক সরাসরি **পদ্ধতিতে** গণপূর্ত কাঠের কারখানা বিভাগ হতে টিটিসিতে ব্যবহৃত প্রশিক্ষণার্থীদের জন্য বসার চেয়ার এবং অন্যান্য ফার্নিচার ক্রয় করা হয়।

১১. **সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ এবং অগ্রগতি:**

(লক্ষ **টাকায়**)

অর্থ বছর	সংশোধিত বরাদ্দ এবং লক্ষমাত্রা			টাকা অবমুক্তি	ব্যয় এবং বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	বাস্তব		মোট	টাকা	বাস্তব
২০১০-২০১১	৬৮৩.২৪	৬৮৩.২৪	০.৮৩%	৬৮৩.২৪	৬৮৩.২৪	৬৮৩.২৪	০.৮৩%
২০১১-২০১২	**৭১৫০.০০**	**৭১৫০.০০**	**৮.৬৬%**	**৭১৫০.০০**	৭১৩৫.২০	৭১৩৫.২০	৮.৬৪%
২০১২-২০১৩	১৪০৫৩.০০	১৪০৫৩.০০	১৭.০২%	১৪০৫৩.০০	১৪০৪১.৮৮	১৪০৪১.৮৮	১৭.০১%
২০১৩-২০১৪	১৪৭৫৮.০০	১৪৭৫৮.০০	১৭.৮৭%	১৪৭৫৮.০০	১৪৭৫৪.২৭	১৪৭৫৪.২৭	১৭.৮৭%
২০১৪-২০১৫	২৩৯২৫.০০	২৩৯২৫.০০	২৮.৯৭%	২৩৯২৫.০০	২৩৮৯৮.১৬	২৩৮৯৮.১৬	২৮.৯৪%
২০১৫-২০১৬	১৫২০০.০০	১৫২০০.০০	১৮.৪১%	১৫২০০.০০	১৩১৭৫.৮৮	১৩১৭৫.৮৮	১৫.৯৬%
২০১৬-২০১৭	৫০০০.০০	৫০০০.০০	৬.০৬%	৫০০০.০০	৪২৬৩.৫৩	৪২৬৩.৫৩	৫.১৬%
২০১৭-২০১৮	২৬৫০.০০	২৬৫০.০০	৩.২১%	২৬৫০.০০	১৬৭৬.০৩	১৬৭৬.০৩	২.০৩%
২০১৮-২০১৯	১২০০.০০	১২০০.০০	১.৪৫%	১২০০.০০	৫৪৫.৯৭	৫৪৫.৯৭	০.৬৬%

১২. **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ**

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরন (নিয়মিত/অতিরিক্ত)
কুবলেশ্বর ত্রিপুরা	গণপূর্ত অধিদপ্তর, অতিরিক্ত প্রধান প্রকৌশলী	০৮/০২/২০১১ হতে ০৫/০২/২০১৭ পর্যন্ত	নিয়মিত (প্রেষণ)
মোঃ শফিকুল ইসলাম	গণপূর্ত অধিদপ্তর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী	০৫/০২/২০১৭ হতে ২৩/০৯/২০১৮ পর্যন্ত	নিয়মিত (প্রেষণ)
মোহাম্মদ আলী মর্তুজা	উপপরিচালক জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো	১৭/১০/২০১৮ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব

১৩. মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি বিবেচনা করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- পরিদর্শন প্রতিবেদন;
- পিসিআর তথ্য পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪. **সরেজমিনে পরিদর্শন ও বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

প্রকল্প সমাপ্তি প্রতিবেদন মূল্যায়নের অংশ হিসেবে আইএমইডি'র সেক্টর-৫ এ কর্মরত পরিচালক (উপসচিব) মোঃ মাহবুবুর রহমান কর্তৃক প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ

ব্যুরো কর্তৃক বাস্তবায়িত "বিভিন্ন জেলায় ৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)" শীর্ষক সমাপ্ত প্রকল্প এর কার্যক্রম গত ২৪/০৮/২০২১ (নওগাঁ), ৩০/০৮/২০২১ (মেহেরপুর), ১১/০৯/২০২১ (নেত্রকোণা) তারিখে পরিদর্শন করা হয়। পরিদর্শনকৃত টিটিসিসমূহ হচ্ছে নওগাঁ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং নেত্রকোণা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র। কেন্দ্রসমূহের পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নরুপ:

নওগাঁ:

১৪.১ গণপূর্ত কাঠের কারখানা বিভাগ হতে সরবরাহকৃত ফার্নিচারগুলো বিশেষ করে প্রশিক্ষণার্থীদের বসার জন্য চেয়ার এবং শ্রেণিকক্ষের টেবিলগুলোর গুণগত মান ভাল হয়নি বলে প্রতীয়মান হয়েছে। ফার্নিচারগুলো যথাযথভাবে বার্নিশ না করেই সরবরাহ করা হয়েছে।

১৪.২ একাডেমিক ভবনের দেয়ালের বিভিন্ন জায়গায় রং উঠে যাচ্ছে এবং প্লাস্টার খুলে যাচ্ছে। দেয়ালের একটি জায়গায় ফাটল দেখা গিয়েছে, উপস্থিত গণপূর্তের নির্বাহী প্রকৌশলী জানান যে, ভিম এবং দেয়ালের জয়েন্টে এটি হয়েছে, যা বড় ধরণের নির্মাণ ত্রুটি নয়।

১৪.৩ প্রশিক্ষণ কেন্দ্রটিতে বর্তমানে ০৬টি কোর্সে প্রশিক্ষণ চালু রয়েছে। পরিদর্শনকালে প্রশিক্ষণ কক্ষে গিয়ে প্রশিক্ষণার্থীদের সাথে এবং প্রশিক্ষকগণের সাথে কথা বলে জানা যায় যে, অবকাঠামো নির্মিত হওয়ায় তাদের প্রশিক্ষণ কার্যক্রম সুচারুভাবে সম্পন্ন হচ্ছে, কোন সমস্যা হচ্ছে না। ভবনটির টয়লেট ব্যবস্থাও মোটামুটি ভাল বলে প্রতীয়মান হয়েছে।

১৪.৪ পরিদর্শনকালে দেখা যায়, নওগাঁ টিটিসিতে ছাদে জমা হওয়া বৃষ্টির পানি পাইপের মাধ্যমে নীচে নেমে আসে এবং বক্স ড্রেনের মাধ্যমে তা নিষ্কাশন হচ্ছে। অর্থ্যাৎ পানি ও পয়:নিষ্কাশন ব্যবস্থাটি যথাযথভাবে কাজ করছে।

মেহেরপুর:

১৪.৫ মেহেরপুর টিটিসি এর ছাদে জমাকৃত বৃষ্টির পানি নিস্কাশন ব্যবস্থা মোটেও মানসম্মত হয়নি। পরিদর্শনকালে দেখা যায় ছাদে অনেক জায়গায় বৃষ্টির পানি জমা হয়ে আছে। ছাদের পানি যে পাইপ দিয়ে নিষ্কাশন হচ্ছে তা ভবনটির সামনের ঢালাইকৃত আঙ্গিনা দিয়ে প্রবাহিত হচ্ছে। ড্রেন না থাকায় এই পানি প্রবাহের ফলে ভবনের সামনের ঢালাইকৃত অংশটি কালো হয়ে যাচ্ছে এবং এই পানি উন্মুক্ত মাঠ ও বাগানকে জলমগ্ন করছে। ভবনটির মাঝখানে খোলা ভয়েড থাকায় বৃষ্টির পানি এসে বিভিন্ন ফ্লোরের বারান্দায় জমে যাচ্ছে বলে উপস্থিত প্রশিক্ষক এবং ব্যবহারকারীগণ জানান।

১৪.৬ ভবনটির একটি টয়লেটে দেখা যায়, টয়লেট সংলগ্ন দেয়ালের বেশ কয়েকটি টাইলস খুলে গিয়েছে। তাছাড়া ভবনের বিভিন্ন জায়গায় রং ও প্লাস্টার উঠে গিয়েছে, সিঁড়িতেও টাইলস ভাঙ্গা দেখা গিয়েছে।

নেত্রকোণা:

১৪.৭ একাডেমিক ভবনের ৪র্থ তলা এবং সম্পূর্ণ ডরমেটরি ভবনটি শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা কর্তৃক অস্থায়ীভাবে ব্যবহৃত হচ্ছে। নেত্রকোণা টিটিসি এর বাউন্ডারি দেয়ালের পাশে পানি নিষ্কাশনের মাস্টার ড্রেন না থাকায় বৃষ্টির পানি দেয়ালের নিচে জমা হয়। ফলে ভূমি ক্ষয় এবং দেয়াল নষ্ট হওয়ার সম্ভবনা রয়েছে। উপস্থিত নির্বাহী প্রকৌশলী জানান যে, মাস্টার ড্রেনের সংস্থান না থাকায় এটি করা সম্ভব হয়নি।

১৪.৮ উক্ত টিটিসি-এ ব্যবহৃত কাঠের ফার্নিচারসমূহ বেশ নিম্নমানের এবং বার্নিশবিহীন অবস্থায় দেখা গিয়েছে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান যে, নিজস্ব টাকায় কিছু ফার্নিচার মেরামত ও বার্নিশ করা হলেও সবগুলো মেরামত করা সম্ভব হয়নি।

১৪.৯ নেত্রকোণা টিটিসিতেও দেয়ালের কিছু কিছু জায়গায় রং নষ্ট হয়ে গিয়েছে। অবশ্য ৪তলা বিশিষ্ট ডরমিটরি ভবনের দেয়াল বর্তমানে অস্থায়ীভাবে ব্যবহারকারী শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নতুনভাবে রং করায় তা দেখতে বেশ সুন্দর লাগছে।

১৫. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের বর্তমান অবস্থা পর্যবেক্ষণ:

৩০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মধ্যে প্রকল্পটির আওতায় ২৭টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণ কাজ সম্পন্নের পর বিভিন্ন সময়ে তা জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর নিকট হস্তান্তর করা হয়। ২০১৫ সাল হতে ২০২১ এর জুন পর্যন্ত ২৭টি প্রশিক্ষণ কেন্দের আওতায় ৫৪৬৮১৩ জন পুরুষ এবং ২৮৩৭৯ জন মহিলাসহ মোট ৫৭৫১৯২ জনকে ১০টি ট্রেডে

(সিভিল কন্সট্রাকসন, ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, গার্মেন্টস, কম্পিউটার অপারেশন, অটোমোটিভ, হাউজ কিপিং, আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ অটোক্যাড, মেশিন টুলস অপারেশন ট্রেড) কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ট্রেডগুলো বিশ্লেষণ করে দেখা যায় ট্রেড নির্বাচন করা হয়েছে বৈদেশিক শ্রমবাজার এবং দেশীয় শিল্পখাতকে সামনে রেখে। সরেজমিনে পরিদর্শনকালে প্রশিক্ষণার্থীদের সাথে কথা বলে জানা যায় যে, তাদের প্রশিক্ষণটি মূলতঃ ব্যবহারধর্মী। ফলে এসকল ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে পূর্ববর্তী প্রশিক্ষণার্থীগণের অনেকেই বিদেশে গমন করতে সক্ষম হয়েছে। এছাড়াও সার্টিফিকেট ইংরেজিতে হওয়ায় এবং সরকারি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হওয়ায় বর্তমান প্রশিক্ষণার্থীগণও প্রশিক্ষণ প্রাপ্তির বিষয়ে উদ্বুদ্ধ হচ্ছে। প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষকগণ জানান যে, ২০২০ সালের মার্চ হতে ২০২১ সালের জুলাই পর্যন্ত কোভিড-১৯ জনিত কারণে প্রশিক্ষণ বন্ধ থাকায় অনেকগুলো প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা সম্ভব হয় নাই। ফলে প্রশিক্ষণের উদ্দেশ্য অর্জনে বেঘাত ঘটে। এ মূহুর্তে প্রশিক্ষণার্থীদের যে প্রবাহ লক্ষ্য করা যায় তাতে আশা করা যায় যে, প্রকল্পের উদ্দেশ্য পূরণ সম্ভব হবে। বর্তমানে ২৭টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ১০টি ট্রেডে ১৩৬৫ জন মহিলা এবং ১৫০৮৩ জন পুরুষসহ মোট ১৬৪৪৮ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণরত রয়েছে। পরিদর্শনকৃত ৩টি টিটিসি'র কর্ম এলাকায় এ ধরণের প্রশিক্ষণের অনেক চাহিদা রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১৬. কাজের গুণগত মান সংক্রান্ত:

প্রকল্পটি বাস্তবায়নকারী সংস্থা হলো "জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো" কিন্তু ডিপোজেটরি কাজ বাস্তবায়নকারী সংস্থা হলো "গণপূর্ত অধিদপ্তর" পরিদর্শনকালে দেখা যায় যে, নির্মাণকালীন সময়ে উপকরণসমূহের ল্যাবটেস্ট রিপোর্ট বাস্তবায়নকারী সংস্থার দপ্তরে সংরক্ষিত নেই। এগুলো সংরক্ষিত রয়েছে গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট সার্কেলে। পরিদর্শনকালে তাৎক্ষণিকভাবে গণপূর্তের সার্কেল হতে সরবরাহকৃত কয়েকটি ল্যাবটেস্ট রিপোর্ট পর্যবেক্ষণ করা হয়। এ সকল রিপোর্ট অনুযায়ী উপকরণসমূহের গুণগত মান গ্রহণযোগ্য সীমার মধ্যে রয়েছে মর্মে দেখা যায়। সকল ল্যাবটেস্ট রিপোর্ট গণপূর্তের পাশাপাশি বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট কার্যালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা সমীচীন। অন্যদিকে গণপূর্ত কাঠের কারখানা বিভাগ হতে সরবরাহকৃত ফার্নিচার (চেয়ার, টেবিল) নিম্নমানের বলে বাহ্যিকভাবে মনে হয়েছে। প্রকল্পটি গণপূর্ত হতে বুঝে নেয়ার ক্ষেত্রে আলাদা আলাদা কমিটি করা হলেও সে কমিটি শুধু বিল্ডিং ও মালামালের সংখ্যা সম্বলিত তালিকা বুঝে নিয়েছে। এ ক্ষেত্রে গূণগতমান অক্ষুন্ন রয়েছে কিনা সে বিষয়ে টেকনিক্যাল কমিটি গঠন করে বুঝে নেয়া হয়নি।

১৭. অডিট সংক্রান্ত:

প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে অডিট বিষয়ক কোন তথ্য সংযোজন করা হয়নি। পরবর্তীতে সর্বশেষ প্রকল্প পরিচালক এর সাথে আলোচনায় জানা যায় যে, এখন পর্যন্ত প্রকল্পটির অডিট সম্পন্ন হয়নি। এ বিষয়ে সিভিল অডিটের সাথে কোন পত্র যোগাযোগও করা হয়নি মর্মে জানা যায়। ৩০ জুন ২০১৯ সালে প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর প্রায় ২ বছর অতিক্রান্ত হয়েছে অথচ এখনও অডিট সম্পাদন হয়নি। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা এবং উদ্যোগী মন্ত্রণালয়কে কার্যকর উদ্যোগ গ্রহণের প্রয়োজন ছিল বলে প্রতীয়মান হয়।

১৮. পরিদর্শনকৃত টিটিসিসমূহের সচিত্র পর্যবেক্ষণ:



পরিদর্শনকৃত নওগাঁ টিটিসি এর গুরুত্বপূর্ণ স্থির চিত্র:



পরিদর্শনকৃত মেহেরপুর টিটিসি এর গুরুত্বপূর্ণ স্থির চিত্র:



পরিদর্শনকৃত নেত্রকোণা টিটিসি এর গুরুত্বপূর্ণ স্থির চিত্র:

১৯. সুপারিশঃ

১৯.১ অডিট সম্পাদনের লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা এবং উদ্যোগী মন্ত্রণালয়কে দ্রুত কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত আপত্তি ও নিষ্পত্তির বিষয়টি আইএমইডি'কে অবহিত করতে হবে;

১৯.২ প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে ব্যবহৃত উপকরণসমূহের সম্পাদিত সকল ল্যাবটেস্ট রিপোর্ট ডিপোজিটরি সংস্থার (গণপূর্ত অধিদপ্তর) পাশাপাশি বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট কার্যালয়ে যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন;

১৯.৩ প্রকল্প বাস্তবায়ন সমাপ্ত হওয়ার সাথে সাথে প্রকল্পের উদ্দেশ্য অর্জনের নিমিত্ত নিয়মিত জনবল সরবরাহের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে অনুযায়ী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ২৭টি টিটিসিতে নিয়মিত জনবল সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৪ ভবিষ্যৎ-এ ডিপোজিটরি সংস্থা কর্তৃক নির্মাণ কাজ সম্পাদনের পর বাস্তবায়নকারী সংস্থা এবং প্রত্যাশী মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের সৃষ্ট ফলাফল বুঝে নেয়ার ক্ষেত্রে যথাযথমান নিশ্চিত হয়ে বুঝে নেয়া আবশ্যক। এক্ষেত্রে গ্রহণ কমিটিতে সংশ্লিষ্ট বিষয়ে টেকনিক্যাল পার্সনকে অন্তর্ভুক্তির বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করা প্রয়োজন;

১৯.৫ পরিদর্শনকৃত ৩টি টিটিসি'র অবকাঠামো নির্মাণের পর ২০১৭ সালে তা হস্তান্তর করা হয়েছে। অথচ এখনও গণপূর্ত অধিদপ্তরের বুকে অন্তর্ভুক্ত না হওয়ায় মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ করা সম্ভব হচ্ছে না। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তরকে এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১৯.৬ ভবিষ্যৎ-এ কোন প্রকল্পের ডিজাইন চূড়ান্ত করার পূর্বে যথাযথভাবে ফিজিবিলিটি স্টাডি সম্পন্ন করতে হবে যেন এ প্রকল্পের সোলার প্যানেলের মত ত্রুটিপূর্ণ ডিজাইন (অফগ্রিড সংযোগ সম্বলিত) পরিহার করা সম্ভব হয়;

১৯.৭ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত উদ্দেশ্য অর্জনের জন্য বাস্তবায়নকারী সংস্থাকে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

১৯.৮ প্রতিবেদনের সুপারিশের (অনুচ্ছেদ ১৯.১-১৯.৭) এর উপর গৃহীত ব্যবস্থার অগ্রগতি আগামী ১ (এক) মাসের সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইএমইডি'তে প্রেরণ করতে হবে।

"বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি সংস্কার ও আধুনিকায়ন (২য় পর্যায়, ১ম সংশোধনী)" শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৯)

ক. প্রকল্পের মৌলিক তথ্য

০১. প্রকল্পের নাম : বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি সংস্কার ও আধুনিকায়ন (২য় পর্যায়, ১ম সংশোধনী)

০২. প্রকল্পের ধরন : বিনিয়োগ প্রকল্প

০৩. অর্থায়নের উৎস : জিওবি

০৪. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

০৫. বাস্তবায়নকারী সংস্থা : জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)

০৬. প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত তথ্য :

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	* পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৫৫৪৭.৭৮	৫৫৪৭.৭৮	-	জানুয়ারী ২০১৪ হতে জুন ২০১৮	১৮ নভেম্বর ২০১৪	-	-
১ম সংশোধিত ডিপিপি	৬৩৭৭.৪৯	৬৩৭৭.৪৯	-	জানুয়ারী ২০১৪ হতে জুন ২০১৯	০৭ মে ২০১৮	৮২৯.৭১ (১৪.৯৬%)	১ বছর (২৮.৫৭%)

০৭. প্রকল্প এলাকা (সংখ্যায়):

বিভাগ	জেলা	উপজেলা	সিটিকর্পোরেশন/পৌরসভা
ঢাকা	নারায়ণগঞ্জ	বন্দর	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

০৮. প্রকল্পের বিবরণ:

(ক) পটভূমি: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি (বিআইএমটি), নারায়ণগঞ্জ মেরিন ও শিপবিল্ডিং সেক্টরের দক্ষ জনবল তৈরির লক্ষ্যে দীর্ঘদিন হতে প্রশিক্ষণ প্রদান করে আসছে। প্রতিষ্ঠানটি ১৯৫৮ সালে প্রতিষ্ঠার পর হতে প্রাথমিক পর্যায়ে স্বল্পমেয়াদী ও ০২ বছর মেয়াদী কোর্স পরিচালনা করা হলেও পর্যায়ক্রমে মেরিন ও শিপবিল্ডিং টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করা হয়। প্রতিষ্ঠানটি

বেশ পুরনো হওয়ায় ক্যাম্পাসে অবস্থিত একাডেমিক ভবন, কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবন ও ওয়ার্কশপসমূহ সংস্কারকরণ, হোস্টেল ভবন ব্যবহার অনুপযোগী ও ক্লাসরুম ক্যাপসিটি বৃদ্ধির লক্ষ্যে নতুন একাডেমিক ভবন নির্মাণ করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এছাড়া যুগোপযোগী প্রশিক্ষণ যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে ব্যবহারিক প্রশিক্ষণ প্রদানে সক্ষমতা বৃদ্ধি করে প্রশিক্ষণার্থীদের মেরিন/ শিপবিল্ডিং সেক্টরের বাস্তব দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার প্রয়োজন হয়। বিআইএমটি, নারায়ণগঞ্জ হতে পাশকৃত প্রশিক্ষার্থীরা বাংলাদেশে সম্ভাবনাময় মেরিন/ শিপবিল্ডিং সেক্টরে দক্ষতা ও সুনামের সাথে কর্মরত রয়েছে। বর্তমানে নৌ-সেক্টরে কর্মরত থাকার পাশাপাশি বিভিন্ন প্রাইভেট সেক্টরে অবস্থিত পাওয়ার প্লান্টে চাকুরীর সুযোগ পাচ্ছে। এছাড়া পাশকৃতদের বড় একটি অংশ বৈদেশিক কর্মসংস্থান, বিশেষ করে সিঙ্গাপুরে জাহাজ নির্মাণ শিল্পে কর্মরত রয়েছে। এ প্রেক্ষাপটে দীর্ঘদিন পূর্বে স্থাপিত প্রতিষ্ঠানটির সংস্কার, নতুন ভবন ও অন্যান্য ভৌত সুবিধা বৃদ্ধি, যুগোপযোগী যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ হিসেবে "বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি সংস্কার ও আধুনিকায়ন (২য় পর্যায়, ১ম সংশোধিত)" প্রকল্পটি গ্রহণ করা হয়।

(খ) প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে):

- মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জাহাজ নির্মাণ শিল্পে দেশে ও বিদেশে ক্রমবর্ধমান জনশক্তির চাহিদা মেটাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা;
- বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজীর বর্তমান ভৌত স্থাপনার সংস্কার ও নতুন ভবন তৈরিকরণ; এবং
- আসবাবপত্র ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ ইত্যাদি।

(গ) প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- একাডেমিক ভবন, ছাত্র/ছাত্রী হোস্টেল, আবাসিক ভবন, ডরমেটরিসহ অন্যান্য ভবন নির্মাণ;
- বিদ্যমান একাডেমিক ভবন,আবাসিক ভবন ও ওয়ার্কসপসমূহের সংস্কার;
- আধুনিক যন্ত্রপাতি প্রতিস্থাপনের মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের যুগোপযোগীকরণ;
- প্রশিক্ষকদের দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা বৃদ্ধিকরণ; এবং
- আসবাবপত্র সংগ্রহ।

খ. প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:

০৯. প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রম:	অঙ্গের নাম	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		২০১৯ মালের ৩০ জুন ১৯ হতে ক্রমপুঞ্জিত অগ্রগতি	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
	ক) রাজস্ব বরাদ্দ					
১.	ভ্রমণ ব্যয়	গুচ্ছ	-	৭৭.০০	৯৯	৭৬.২৬
২.	সার্ভিস ষ্ট্যাম্প/ডাক	গুচ্ছ	-	০.২৫	০.০০	০.০০
৩.	টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার	গুচ্ছ	-	০.০০	০.০০	০.০০
৪.	গ্যাস ও জ্বালানী	গুচ্ছ	-	৪.০০	১০০	৪.০০
৫.	পেট্রোল ও লুব্রিকেন্ট	গুচ্ছ	-	২.০০	১০০	২.০০
৬.	মুদ্রণ ও প্রকাশনা	গুচ্ছ	-	১.৫০	১০০	০.৯৯
৭.	ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্পস	গুচ্ছ	-	২.০০	১০০	১.৯৪
৮.	বইপত্র ও সাময়িকী	গুচ্ছ	-	১৩.০০	৯৮	১১.৪৯
৯.	প্রচার ও বিজ্ঞাপন	গুচ্ছ	-	২.০০	১০০	১.২৪
১০.	প্রশিক্ষণ ব্যয়	গুচ্ছ	১০০	১১০.০০	৯৬	৯৭.৩০
১১.	বার্তাবাহক	সংখ্যা	-	০.০০	০.০০	০.০০
১২.	আপ্যায়ন ব্যয়	গুচ্ছ	-	০.৫০	১০০	০.০৪
১৩.	পরিবহন ব্যয়	গুচ্ছ	-	১.০০	০.০০	০.০০
১৪.	অনিয়মিত শ্রমিক	গুচ্ছ	-	২.০০	৯৯	১.৯৮
১৫.	কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ	গুচ্ছ	-	১৪.০০	৯৯	১৩.৯৭
১৬.	সম্মানী ভাতা	গুচ্ছ	-	৪.০০	৭০	২.৯৫

ক্রম:	অঙ্গের নাম	একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		২০১৯ মালের ৩০ জুন ১৯ হতে ক্রমপুঞ্জিত অগ্রগতি	
			বাস্তব (পরিমাণ/ সংখ্যা)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
১৭.	কম্পিউটার সামগ্রী	গুচ্ছ	-	১.৫০	১০০	১.৫০
১৮.	অনুষ্ঠান/উৎসবাদি	গুচ্ছ	-	০.৫০	০.০০	০.০০
১৯.	কমিটি মিটিং/কমিশন	সংখ্যা	-	১.০০	০.০০	০.০০
২০.	অন্যান্য ব্যয়	গুচ্ছ	-	৪.০০	৯৬	৩.৭৮
২১.	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত	গুচ্ছ	-	০.৫০	১০০	০.৫০
	মোট রাজস্ব ব্যয় =			**২৩৯.৭৫**		২১৯.৯৪
	খ) মূলধন খাত					
২২.	মোটরযান	সংখ্যা	১	৩৮.৫০	১০০	৩৮.৪৯
২৩.	যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম	সংখ্যা	৩৪৬	৯৮৫.২০	১০০	৯৬৩.৮৯
২৪.	অফিস যন্ত্রপাতি	সংখ্যা	১৫	১৭.০০	১০০	১৬.৯৫
২৫.	আসবাবপত্র	সংখ্যা	৩৮৮৩	৫১২.০৭	১০০	৪৮৬.৫০
২৬.	নির্মাণ ও পূর্ত	বর্গমিটার/রানিং মিটার	12393 sqm 150000 rm	৪৫৮৪.৯৭	১০০	৪৫০৪.৮৪
	মোট মূলধন ব্যয়			৬১৩৭.৭৪		৬০১০.৬৭
	সর্বমোট			৬৩৭৭.৪৯		৬২৩০.৬১

১০. বছরভিত্তিক ডিপিপি/আরডিপি'র সংস্থান, বরাদ্দ,অর্থ ছাড় ও বাস্তবায়ন অবস্থা:

(লক্ষ টাকায়)

অর্থ বছর	ডিপিপি'র সংস্থান	এডিপি	আরএডিপি বরাদ্দ	অর্থ ছাড় (%)	প্রকৃত (%)
১	২	৩	৪	৫	৬
২০১৩-১৪	০.০০	০.০০	০.০০	০.০০(০%)	০.০০ (০%)
২০১৪-১৫	১৬০.৪২	৬০.০০	৬০.০০	৬০.০০ (১০০%)	৫৮.৮৩ (৯৮.০৫%)
২০১৫-১৬	১৯১৪.৪২	১৫০০.০০	১১০০.০০	১১০০.০০ (১০০%)	১০৯২.৩০ (৯৯.৩০%)
২০১৬-১৭	১৮৬৯.৪৩	২০০০.০০	১৮০০.০০	১৮০০.০০ (১০০%)	১৭৮৪.০৫ (৯৯.১১%)
২০১৭-১৮	১৬০৩.৫১	২০০০.০০	১৫০০.০০	১৫০০.০০ (১০০%)	১৪১৭.৬৮ (৯৪.৫১%)
২০১৮-১৯	১৬২২.০০	১৬২১.০০	১৬২১.০০	১৬২১.০০ (১০০%)	১৩৭৭.৮২ (৮৪.৯৯%)

১১/ (ক) আরডিপিপি'তে অনুমোদিত মোট প্যাকেজের সংখ্যা: টি (পণ্য-৭টি,কার্য-২৫,সেবা-২টি)

(খ) পণ্য ও সেবা সংক্রান্ত বিস্তারিত তথ্য: ক্রয় সংক্রান্ত বিস্তারিত তথ্য সংলগ্নী-'ক' তে দেয়া হলো।

১২। প্রকল্প পরিচালক সম্পর্কিতক তথ্য:

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবী	দায়িত্বকাল (নিয়োগ হতে সর্বশেষ) তারিখ পর্যন্ত	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্বপ্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	সংখ্যা
দেওয়ান মোঃ নজমুল হক	বিএমইটি, উপ-পরিচালক	প্রকল্প শুরু থেকে সমাপ্তি পর্যন্ত	অতিরিক্ত দায়িত্ব	না	-

১৩। প্রকল্পের পরিকল্পিত উদ্দেশ্য ও অর্জন:

(ক) প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী অর্জন:

ক্রম	প্রকল্পের উদ্দেশ্য	উদ্দেশ্য অনুযায়ী অর্জন
(ক)	মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জাহাজ নির্মাণ শিল্পে দেশে ও বিদেশে ক্রমবর্ধমান জনশক্তির চাহিদা মেটাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা;	মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মেরিন ও শিপবিল্ডিং সেক্টরে দেশে বিদেশে ক্রমবর্ধমান জনশক্তি চাহিদা পূরণে দক্ষ জনশক্তি সৃষ্টি করে কর্মসংস্থান, দারিদ্র্য বিমোচন ও আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে।

(খ) প্রধান প্রধান কার্যক্রমের বিপরীতে অর্জন:

ক্রম	প্রধান প্রধান কার্যক্রম	উদ্দেশ্য অনুযায়ী অর্জন
(ক)	একাডেমিক এবং অন্যান্য ভবন নির্মাণ ও সংস্কার করা;	বিদ্যমান ৫টি নতুন ভবনসহ সকল ভবন সংস্কার করা হয়েছে;
(খ)	সরঞ্জাম, আসবাবপত্র, যানবাহন এবং অন্যান্য রক্ষণাবেক্ষণ;	৩৪৪টি যন্ত্রপাতি এবং ৩৮৭৫টি আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে; এবং
(গ)	শিক্ষকের প্রশিক্ষণ (TOT)।	১১ জন কর্মকর্তা এবং ৫৯জন প্রশিক্ষক দেশে এবং বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৪। প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয় পরিবর্তণ (হ্রাস/বৃদ্ধি)Time & Cost over-run হওয়ার কারণ:

ডিপিপিতে অভ্যন্তরীণ রাস্তা ও ড্রেনেজ ব্যবস্থার জন্য মোট ১৭ লাখ টাকা বরাদ্দ ছিল। তাই বাস্তবতার কাজে অভ্যন্তরীণ সড়ক ও ড্রেনেজ নির্মাণের বরাদ্দ বাড়ানোর প্রয়োজন হয়। এছাড়াও স্থাপত্য বিভাগ কর্তৃক প্রণীত নকশা অনুযায়ী পাইলের সংখ্যা, নিরাপত্তা গ্রিল নির্মাণ, সংযোগকারী সিঁড়ি, মাটি ভরাট, সীমানা প্রাচীর ইত্যাদির নির্মাণ ব্যয় বৃদ্ধি পায়। এ সকল বিবিধ কারণে প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি পায়।

১৫। প্রকল্পের ফলাফল স্থায়িত্বকরণ (Sustainability Plan):

বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ। দীর্ঘকাল হতে এদেশে মালামাল পরিবহনে বিভিন্ন প্রকার নৌযানের ব্যবহার হয়ে আসছে। বর্তমানে এর পরিসীমা আরও বৃদ্ধি পেয়ে স্থানীয় পর্যায়ে বৃহৎ আকারের নৌযান নির্মাণসহ আন্তর্জাতিক মানের নৌযান নির্মাণ এবং এদেশে জাহাজ নির্মাণ করে বিদেশে রপতানি করা হচ্ছে। মেরিন ও শিপবিল্ডিং সেক্টর একটি ভারী নির্মাণ শিল্প হিসেবে আত্মপ্রকাশ করছে। ফলে এ সেক্টরে বিপুল সংখ্যক দক্ষ জনবলের চাহিদা ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। বর্তমানে মেরিন ও শিপবিল্ডিং সেক্টরে অতীতে সিঙ্গাপুরসহ কয়েকটি নির্দিষ্ট দেশের চাহিদার পাশাপাশি কোরিয়া ও অন্যান্য কয়েকটি দেশে ব্যাপক চাহিদা তৈরি হয়েছে। বর্ণিত প্রকল্পের মাধ্যমে বিআইএমটি, নারায়ণগঞ্জের ভৌত সুবিধা, আধুনিক যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে প্রশিক্ষার্থীরা যন্ত্রপাতি ব্যবহার করে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ জ্ঞান অর্জন করবে। প্রকল্পের মাধ্যমে ToT প্রদান করায় প্রশিক্ষকদের দক্ষতা বৃদ্ধি পাবে। প্রতিষ্ঠান হতে পাশকৃতরা দেশের মেরিন ও শিপবিল্ডিং সেক্টরে অধিকতর কর্মসংস্থানের সুযোগ পাওয়ার ফলে দেশে বেকারত্ব হ্রাসসহ আর্থসামাজিক উন্নয়ন সাধিত হবে। এছাড়া এ সেক্টরে বৈদেশিক কর্মসংস্থানের চাহিদা থাকায় বিদেশে কর্মসংস্থান ও রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পাবে।

১৬। বাস্তবায়নকালে উদ্ভুত নতুন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা: প্রযোজ্য নয়।

১৭। অডিট সংক্রান্ত হালনাগাদ তথ্য: প্রকল্পের ব্যয়িত অর্থের কোন অডিট করা হয়নি।

১৮। মুল্যায়ন পদ্ধতি (Methodology**):** মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে-

- আরডিপিপি/পিসিআর পর্যালোচনা;
- প্রকল্পের রেকর্ডপত্র পর্যালোচনা;এবং
- বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন।

১৯। প্রকল্প পরিদর্শন ও বাস্তবায়িত কাজ পর্যবেক্ষণ:

আইএমই বিভাগের সহকারী পরিচালক (সিনিয়র সহ: সচিব) মো: বশীর আহাম্মেদ কর্তৃক ২০-০৩-২০২৩ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সার্বিক সহায়তা প্রদান করেন।

১৯.১ **প্রকল্পের আওতায় নতুন ভবন নির্মাণ/উর্ধ্বমূখী সম্প্রসারণ:** প্রকল্পের আওতায় ৭টি প্যাকেজে নতুন ভবন নির্মাণ/উর্ধ্বমূখী কাজ সম্পন্ন হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, ৬তলা ভিত বিশিষ্ট ৪ তলা ছাত্রী হোস্টেলের ছাদের পানি নিস্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা না থাকায় পানি জমে শেওলা এবং বিভিন্ন ধরনের গাছ জন্মেছে। এতে করে একদিকে ছাঁদের পানি চুয়ে এবং গাছের শিকর ছাদে প্রবেশ করে ভবনের ক্ষতি হওয়ার সম্ভবনা দেখা দিয়েছে। এ ছাত্রী হোস্টেলের ১০০ জনের ধারণ ক্ষমতা থাকলেও মাত্র ১৮/২০ জন ছাত্রী রয়েছে।

১৯.২ **ডরমিটরী কাম ৫তলা গেষ্ট হাউজ নির্মাণ:** নবনির্মিত ডরমিটরি-কাম-গেষ্ট হাউজ ভবন বিভিন্ন লতা-পাতায় আচ্ছাদিত করে রেখেছে। এ ভবনে ২৮জন থাকার ধারণ ক্ষমতা থাকলে মাত্র ৫/৭ জন বসবাস করছে। এতে করে ভবনটি ক্রমান্বয়ে ক্ষতিগ্রস্থ হয়ে দ্রুতই ব্যবহারের অনুপযোগী হতে পারে;

১৯.৩ **বিভিন্ন ভবনের সংস্কার:** প্রকল্পের আওতায় বিভিন্ন আবাসিক/অনাবাসিক ভবনের সংস্কার করা হয়েছে। তম্মধ্যে কতিপয় আবাসিক ভবনে কোন লোকজন বসবাস করে না। ফলে এ সকল ভবন ব্যবহার না করায় একদিকে যেমন অর্থের অপচয় হচ্ছে অপরদিকে ব্যবহারের অভাবে এ সকল ভবন ক্রমান্বয়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে;

১৯.৪ **পূর্ত কাজ, বিভিন্ন আসবাব পত্র ও যন্ত্রপাতি হস্তান্তর ও গ্রহণ (Handover & Takeover):** প্রকল্পের আওতায় ৭টি নতুন ভবন নির্মাণ/উর্ধ্বমূখী কাজ সম্পন্ন এবং ৩৪৪টি যন্ত্রপাতি এবং ৩৮৭৫টি আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, এগুলো "বাংলাদেশ ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি, নারায়নগঞ্জ ব্যবহার করছে। ঠিকাদার/সরবরাহকারীর সংস্থা থেকে প্রকল্প অফিস কর্তৃক Specefication অনুযায়ী গ্রহণের তালিকা পাওয়া যায়নি;

২০। সার্বিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ:

২০.১ নতুন ভবন/ভবনের উর্ধ্বমূখী কাজসহ বিভিন্ন পূর্ত কাজের হস্তান্তর ও গ্রহণ (Handover & Takeover) এর তালিকা (যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত) প্রকল্প অফিস/সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করা প্রয়োজন;

২০.২ পিসিআর-এ উল্লেখ করা হয়েছে ৩৪৪টি যন্ত্রপাতি এবং ৩৮৭৫টি আসবাবপত্র সংগ্রহ করা হয়েছে। পরিদর্শনকালে এ সকল যন্ত্রপাতি/আসবাবপত্রের মধ্যে কতিপয় নষ্ট/বিকল অবস্থায় পাওয়া যায়। এ সকল যন্ত্রপাতি/ফার্ণিচার Specefication অনুযায়ী সরবরাহকারীর নিকট থেকে 'কারিগরি কমিটি' কর্তৃক গ্রহণ এবং তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের তালিকা প্রকল্প অফিস/সংশ্লিষ্ট দপ্তরে সংরক্ষণ করা প্রয়োজন;

২০.৩ ৬-তলা ভিত বিশিষ্ট ৪-তলা ছাত্রী হোস্টেলের ১০০ জনের ধারণ ক্ষমতা থাকলেও মাত্র ১৮/২০ জন ছাত্রী রয়েছে। ডরমেটরি-কাম-গেষ্ট হাউজ ভবনে ২৮ জনের ধারণ ক্ষমতা থাকলে মাত্র ৫/৭ জন বসবাস করছে। এছাড়াও কতিপয় আবাসিক ভবনেও ধারণ ক্ষমতার চেয়ে সাম্যন্য সংখ্যক লোক বসবাস করে। এতে প্রতীয়মান হয় যে, এ সকল ভবন যথাযথ Need assesment এর ভিত্তিতে নির্মাণ করা হয়নি;

২০.৪ প্রকল্পের আওতায় কতিপয় আবাসিক ভবন সংস্কার করার পরও কোন লোকজন বসবাস করে না। ফলে এ সকল ভবন ব্যবহার না করায় একদিকে যেমন অর্থের অপচয় হচ্ছে। অপরদিকে ব্যবহারের অভাবে এ সকল ভবন ক্রমান্বয়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে;

২০.৪ প্রকল্পের উদ্দেশ্যে বলা হয়েছে যে, মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জাহাজ নির্মাণ শিল্পে দেশে ও বিদেশে ক্রমবর্ধমান জনশক্তির চাহিদা মেটাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা। আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের পর


প্রতিবছর কতজন প্রশিক্ষণার্থী জাহাজ নির্মাণ শিল্পসহ বিভিন্ন সংস্থায় দেশে ও বিদেশে চাকুরী পেয়েছে তার তথ্য/ডাটা সংরক্ষণ করা প্রয়োজন; এবং

২০.৫ এ প্রকল্পটি জুন ২০১৯ এ সমাপ্ত হয়েছে এবং এর অনুকূলে ৬২৩০.৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অদ্যাবধি ব্যয়িত অর্থের কোন অডিট সম্পাদন হয়নি;


২১। প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:



চিত্র-১: প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।



চিত্র-২: নবনির্মিত ছাত্রী হোস্টেলে পানি।



চিত্র-৩:বিভিন্ন লতা-পাতায় আচ্ছাদিত ডরমেটরি-কাম-গেষ্ট হাউজ ভবন



চিত্র-৪: সংস্কারের পরও অব্যবহারিত আবাসিক ভবন।

২২। মতামত/সুপারিশ:

(ক) নতুন ভবন/ভবনের উর্ধ্বমূখী কাজসহ বিভিন্ন পূর্ত কাজ ঠিকাদারের নিকট থেকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ এবং তা' যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের তথ্য/তালিকা আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

(খ) প্রকল্পের আওতায় ক্রয়কৃত ৩৪৪টি যন্ত্রপাতি এবং ৩৮৭৫টি আসবাবপত্র 'কারিগরি কমিটি' কর্তৃক Specefication অনুযায়ী প্রণীত তালিকা (যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত) এ বিভাগে প্রেরণ করতে হবে;

(গ) ভবিষ্যতে আবাসিক/অনাবাসিক ভবনসহ পূর্ত কাজ যথাযথ Need assesment এর ভিত্তিতে গ্রহণ/বাস্তবায়ন করতে হবে;

(ঘ) প্রকল্পের আওতায় সংস্কারকৃত আবাসিক ভবন ব্যবহারের কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে;

(ঙ) প্রকল্পের উদ্দেশ্যে অনুযায়ী প্রতিবছর কতজন প্রশিক্ষণার্থী জাহাজ নির্মাণ শিল্পসহ বিভিন্ন সংস্থায় দেশে ও বিদেশে চাকুরী পেয়েছে তার তথ্য/ডাটা সংরক্ষণ করা যেতে পারে;

(চ) প্রকল্পটির আওতায় ব্যয়িত অর্থের অডিট সম্পাদন করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করত: ২০-০৪-২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি আইএমই বিভাগ-কে অবহিত করতে হবে; এবং

(ছ) উল্লিখিত সুপারিশগুলো প্রতিপালন করে এ বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি আগামী ২০-০৪-২০২৩ তারিখের মধ্যে আইএমইডি'তে প্রেরণ করতে হবে।

সংলগ্নী-'ক'

পণ্য, সেবা ও সংক্রান্ত বিস্তারিত তথ্য:

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং		দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ	
		আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)		(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
প্যাকেজ-০১ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)	লট-০১	০.২৮৫	০.২৭৩	০৮-০৯-২০১৫	১৩-১২-২০১৫	১২-০২-২০১৬	০৮-০২-২০১৬
	লট-০২	০.৯৬০	০.৭৫০	০৮-০৯-২০১৫	১৩-১২-২০১৫	১২-০২-২০১৬	০১-০২-২০১৬
	লট-০৩	০.১৩৩	০.১৩০	০৮-০৯-২০১৫	১৩-১২-২০১৫	১২-০২-২০১৬	০৩-০২-২০১৬
	লট-০৪	০.১১৮	০.০৯৬	০৮-০৯-২০১৫	১৩-১২-২০১৫	১২-০২-২০১৬	০৫-০২-২০১৬
প্যাকেজ -০২ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)		১.৬৩১	১.৬২৯	২৮-১০-২০১৫	২৭-০৪-২০১৬	২৬-০৮-২০১৬	২১-০৮-২০১৬
প্যাকেজ-০৩ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)		১.৪৫০	১.৪৫৫	২৮-১০-২০১৫	২৭-০৪-২০১৬	২৬-০৮-২০১৬	২১-০৮-২০১৬
প্যাকেজ -০৪ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)		১.৯৯০	১.৯৮৪	০২-০৩-২০১৭	২৭-০৪-২০১৭	২৭-০৬-২০১৭	২৭-০৬-২০১৭
প্যাকেজ -০৫ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)		১.৫৩৫	১.৫৩২	২১-০৩-২০১৭	২৭-০৪-২০১৭	২৭-০৬-২০১৭	২৭-০৬-২০১৭
প্যাকেজ -০৬ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)		১.১১৩	১.০৫১	০৩-০৫-২০১৭	২৫-০৪-২০১৮	২৪-০৬-২০১৮	১৪-০৬-২০১৮
প্যাকেজ -০৭ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)		১.১৬৪	১.০৪৬	০৩-০৫-২০১৭	২৫-০৪-২০১৮	২৪-০৬-২০১৮	১৬-০৬-২০১৮
প্যাকেজ-০৮ (প্রশিক্ষণ যন্ত্রপাতি)		০.৩২৪	০.৩০৪	১৯-০২-২০১৯	২১-০৪-২০১৯	২১-০৬-২০১৯	১৯-০৬-২০১৯

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
প্যাকেজ -০১ (আসবাবপত্র)	০.৬৩০	০.৬২৪ (প্রশাসনিক অনুমোদন)	৩০-০৮-২০১৫	২৭-১০-২০১৫	২৬-০৩-২০১৬	২৮-০৩-২০১৬
প্যাকেজ -০২ (আসবাবপত্র)	১.৮৫৪	১.৮৪৮	১৩-০৯-২০১৫	২৪-১১-২০১৫	২৩-০২-২০১৬	২০-০২-২০১৬
প্যাকেজ -০৩ (আসবাবপত্র)	০.১৪১	০.১৩৮ (প্রশাসনিক অনুমোদন)	২৮-১০-২০১৬	০৯-০৫-২০১৬	০৮-১১-২০১৬	০৬-১১-২০১৬
প্যাকেজ -০৪ (আসবাবপত্র)	১.২৩৫	১.২৩৩	৩০-০৫-২০১৬	০৬-১২-২০১৬	০৫-০৪-২০১৭	০৩-০৪-২০১৭
প্যাকেজ -০৫ (আসবাবপত্র)	০.৯৩৪	০.৯২৯ (প্রশাসনিক অনুমোদন)	৩০-০৫-২০১৬	০৭-১২-২০১৬	০৭-০৬-২০১৭	০৫-০৬-২০১৭
প্যাকেজ -০৬ (আসবাবপত্র)	০.০৫০	০.০৪৯	১২-০৫-২০১৭	১৪-০৬-২০১৭	১৩-০৭-২০১৭	১২-০৭-২০১৭
প্যাকেজ -০৭ (আসবাবপত্র)	০.০৪১	০.০৪০	২১-০৫-২০১৮	০৭-০৬-২০১৮	২৭-০৬-২০১৮	২৬-০৬-২০১৮
প্যাকেজ -০১ (অফিস যন্ত্রপাতি)	০.০২৫	০.০২৪	২৬-০৫-২০১৫	০৩-০৬-২০১৫	০৩-০৭-২০১৫	০২-০৭-২০১৫
প্যাকেজ -০২ (অফিস যন্ত্রপাতি)	০.০৫০	০.০৪৯	২৭-০৮-২০১৫	১৫-০৯-২০১৫	১৫-১০-২০১৫	১৪-১০-২০১৫

প্যাকেজ নং	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		চুক্তির তারিখ ও চুক্তি মূল্য		কাজ সমাপ্তির তারিখ	
	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
প্যাকেজ -০৩ (অফিস যন্ত্রপাতি)	০.০৩৫	০.০৩৪	১৯-০৯-২০১৯	১০-০৬-২০১৯	২৫-০৬-২০১৯	২১-০৬-২০১৯
প্যাকেজ -০৪ (অফিস যন্ত্রপাতি)	০.০৫০	০.০৪৯	১১-০৬-২০১৯	১১-০৬-২০১৯	২৬-০৬-২০১৯	২৫-০৬-২০১৯
প্যাকেজ -০১ (প্রশিক্ষণ কাঁচামাল)	০.০৫০	০.০৪৯	১৩-০৯-২০১৫	১২-১০-২০১৫	১১-১১-২০১৫	১০-১১-২০১৫
প্যাকেজ -০২ (প্রশিক্ষণ কাঁচামাল)	০.০৩০	০.০২৮	১৯-০৫-২০১৯	১২-০৬-২০১৯	২৭-০৬-২০১৯	২০-০৬-২০১৯
প্যাকেজ -০৭ (বইপত্র ও সাময়িকী)	০.০৬৬	০.০৪৯	১৩-০৯-২০১৫	১৮-১০-২০১৫	১৭-১১-২০১৫	১০-১১-২০১৫
প্যাকেজ -০৭ (বইপত্র ও সাময়িকী)	০.০৫০	০.০৪৯	১৩-০৩-২০১৭	২০-০৪-২০১৭	১৯-০৫-২০১৭	১৮-০৫-২০১৭

Works (কার্য):						
প্যাকেজ নং	**দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য**		**চুক্তির তারিখ ও চুক্তি মূল্য**		**কাজ সমাপ্তির তারিখ**	
	ডিপিপি অনুযায়ী	**প্রকৃত**	**ডিপিপি অনুযায়ী**	**প্রকৃত**	**চুক্তি অনুযায়ী**	**প্রকৃত**

(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
প্যাকেজ-W1 ৬-তলা ভিতসহ ৫ তলা একাডেমিক ভবন নির্মাণ	8.517	8.517	20-03-2016	30-06-2016	31-12-2017	30-Jun-18
প্যাকেজ- W2 দ্বিতল একাডেমিক ভবন নং-০২ এর ৩য়, ৪র্থ ও ৫ম তলা উর্ধ্বমূখী সম্প্রসারন কাজ	1.566	1.566	20-09-2015	28-02-2016	27-02-2017	30-Jun-18
প্যাকেজ- W3 ৬-তলা ভিতসহ ৫ তলা ছাত্র হোস্টেল ভবন নির্মাণ (৩০০ জন)	9.097	9.097	27-03-2016	30-06-2016	31-12-2017	30-Jun-18
প্যাকেজ- W4 ৬-তলা ভিতসহ ৫তলা ডরমেটরী কাম গেষ্ট হাউজ নির্মাণ	4.654	4.654	27-03-2016	30-06-2016	31-12-2017	30-Jun-18
প্যাকেজ- W5 ৬-তলা ভিতসহ ৪ তলা ছাত্রী হোষ্টেল ভবন নির্মাণ (১০০ জন)	4.651	4.651	27-03-2016	30-06-2016	31-12-2017	30-Jun-18
প্যাকেজ- W6 ৬-তলা ভিতসহ ৫ তলা ৪র্থ শ্রেণির কোয়ার্টার (২০ ইউনিট) নির্মাণ	4.002	4.002	27-03-2016	30-06-2016	31-12-2017	30-Jun-18
প্যাকেজ- W7 ২ তলা ভিতসহ সাবষ্টেশন ভবন নির্মাণ	0.830	0.830	11/12/2016	8/3/2017	27-09-2017	30-Jun-18
প্যাকেজ- W8 নদীর অংশে আর,সি,সি পিলার দ্বারা কাটাতারের বেড়া স্থাপন	0.011	-	-	-	-	-
প্যাকেজ- W9 Remodeling to Administrative Building in/c. Auditorium	1.287	1.287	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W10 Remodeling to workshop no-1,2 in/c. Turbine and	0.323	0.323	27-03-2016	25-04-2017	30-Jun-17	30-Jun-17

Works (কার্য):						
প্যাকেজ নং	**দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য**		**চুক্তির তারিখ ও চুক্তি মূল্য**		**কাজ সমাপ্তির তারিখ**	
	ডিপিপি অনুযায়ী	**প্রকৃত**	**ডিপিপি অনুযায়ী**	**প্রকৃত**	**চুক্তি অনুযায়ী**	**প্রকৃত**
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**
other shop.						
প্যাকেজ- W11 Remodeling to Senior Instructor quarter in/c Bundary wall	0.466	0.466	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W12 Remodeling for extension of Master drain	1.353	0.91	10/2/2019	-	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W13 Remodeling to Principals quarter	0.182	0.182	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W14 Remodeling to Vice Principals quarter	0.143	0.143	27-03-2016	27-03-2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W15 Remodeling for Boundary wall of Vice Principals quarter	0.091	0.091	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
্যাকেজ- W16 Remodeling to instructor quarters (3 storied bldg 6 units) in/c sanitary works	0.382	0.382	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W17 Construction of C.C Road	2.247	1.90	10/2/2019	27-04-2016	30-Jun-17	30-Jun-17

Works (কার্য):						
প্যাকেজ নং	**দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য**		**চুক্তির তারিখ ও চুক্তি মূল্য**		**কাজ সমাপ্তির তারিখ**	
	ডিপিপি অনুযায়ী	**প্রকৃত**	**ডিপিপি অনুযায়ী**	**প্রকৃত**	**চুক্তি অনুযায়ী**	**প্রকৃত**
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**
from Instructor quarter front to pump house						
প্যাকেজ- W18 Remodeling to hostel no-1 (3 storied bldg) in/c sanitary water supply line	0.215	0.215	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W19 Remodeling to Class-iii employees quarter no-1 & 2 (Each 3 storied bldg 6 units = 12 units)	0.406	0.406	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W20 Remodeling to Class-iv employees quarter no- 2 (3 storied bldg 6 units)	0.224	0.224	27-03-2016	27-04-2016	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W21 Remodeling to Underground water Reservoir	0.045	0.045	27-03-2016	18-06-2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W22 Remodeling to Instructor quater no-1 (3 storied bldg 6 Units)	0.277	0.277	27-03-2016	2/8/2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ-W23 Remodeling to Instructor quater no-3 (3 storied 6 units)	0.382	0.382	27-03-2016	2/8/2017	30-Jun-17	30-Jun-17

Works (কার্য):						
প্যাকেজ নং	**দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য**		**চুক্তির তারিখ ও চুক্তি মূল্য**		**কাজ সমাপ্তির তারিখ**	
	ডিপিপি অনুযায়ী	**প্রকৃত**	**ডিপিপি অনুযায়ী**	**প্রকৃত**	**চুক্তি অনুযায়ী**	**প্রকৃত**
(১)	**(২)**	**(৩)**	**(৪)**	**(৫)**	**(৬)**	**(৭)**
প্যাকেজ-W23 Remodeling to existing Dining Hall	0.187	0.187	27-03-2016	2/8/2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ-W23 Remodeling to Instructor quarters-4 units (2 storied bldg)	0.323	0.323	27-03-2016	28-05-2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ-W23 Remodeling to Mechanical Work shop	0.128	0.128	27-03-2016	28-05-2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ-W23 Remodeling to Boundary wall	0.779	0.779	27-03-2016	8/3/2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W24 Electrical works (Tk =1,85,64,701.00)	2.533	2.533	27-03-2016	22-03-2017	30-Jun-17	30-Jun-17
প্যাকেজ- W25 Installation of 300 KVA Generator with L.T cable and other accessaries in the compound of Narayanganj BIMT (48,65,000.00)	0.551	0.551	27-03-2016	22-03-2017	30-Jun-17	30-Jun-17
Total =	45.850	45.050				

সেবা:						
প্যাকেজ	**দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য**		**চুক্তির তারিখ ও চুক্তি মূল্য**		**কাজ সমাপ্তির তারিখ**	
					চুক্তি অনুযায়ী	**প্রকৃত**
সেবা:	দরপত্র আহ্বানের তারিখ	প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ	চুক্তি মূল্য	-	-
প্যাকেজ -০১ (বৈদেশিক প্রশিক্ষণ এবং শিক্ষণীয় ভ্রমণ)	০১-০৩-২০১৬	০.৩৯	৩০-০৫-২০১৬	০.৩৪	৩০-০৭-২০১৬	২৯-০৭-২০১৬
প্যাকেজ -০২ (বৈদেশিক প্রশিক্ষণ এবং শিক্ষণীয় ভ্রমণ)	৩০-০৫-২০১৭	০.২৯	১৫-০৬-২০১৭	০.২৭	১৫-০৮-২০১৭	১০-০৮-২০১৭
প্যাকেজ -০৩ (বৈদেশিক প্রশিক্ষণ এবং শিক্ষণীয় ভ্রমণ)	০৯-০৪-২০১৯	০.৩৯	১০-০৬-২০১৯	০.৩৪	১০-০৮-২০১৯	০৬-০৮-২০১৯